

Mettlepower Communications

Contact: 9903168646 / 9836344370

Coverage / Advt Sheet

Publication & Date: Dainik Prayag (30.06.2011)

Page Number: 1

Head Line: Rajiv Gets a New Life after a Successful Unique Operation

প্রয়াগ

পূর্বাঞ্চলে এই প্রথম সফল মাইট্রাল ভাল্ব প্রতিস্থাপন

বিরল অস্ত্রোপচারের মাধ্যমে জীবন ফিরে পেল রাজীব

কালকলি মুখোপাধ্যায়

কলকাতায় মেডিকা সুপার স্পেশালিটি হাসপাতালে এক বিরল অস্ত্রোপচারে নতুন জীবন ফিরে পেল ওড়িশার রাজীব বেহেরা। হাসপাতালের কার্ডিয়াক সার্জারি বিভাগের ডিরেক্টর ডাঃ রতন কুমার দাস এই বিরল অস্ত্রোপচার করে রাজীবকে সুস্থ করে তোলেন। এই ধরনের অস্ত্রোপচার পূর্বাঞ্চলে প্রথম। চিকিৎসা বিজ্ঞানের পরিভাষায় এই অস্ত্রোপচারের নাম হল 'মিনিমালি ইনভেসিভ থোরাক্সপি অ্যাপিস্টেড মাইট্রাল ভাল্ব রিপ্লেসমেন্ট'। গত ২০ জুন কলকাতার মেডিকা হাসপাতালে সফল

চিকিৎসক ডাঃ পি কে মিশ্র-র সুপারিশে কলকাতার মেডিকা হাসপাতালের চেয়ারম্যান ডাঃ অলোক রায়ের সঙ্গে যোগাযোগ করেন। গত তিন মাস যাবৎ সংশ্লিষ্ট হাসপাতালে



সফল অস্ত্রোপচারের পর ডাঃ রতন কুমার দাসের সঙ্গে রাজীব। —নিজস্ব চিত্র

এই অস্ত্রোপচার সুসম্পন্ন করেন ডাঃ দাস এবং তার নেতৃত্বে চিকিৎসকের দল।

ওড়িশার প্রত্যন্ত এলাকার গ্রামের এক কৃষক পরিবারের ১৮ বছরের রাজীব দীর্ঘদিন যাবৎ শ্বাসকষ্ট জনিত সমস্যায় ভুগছিল। স্থানীয় চিকিৎসকেরা অনেক চেষ্টা করেও তাকে সুস্থ করে তুলতে না পেরে ওড়িশারই বিশিষ্ট

চিকিৎসকেরা রাজীবের চিকিৎসা করেন। অবশেষে চলতি মাসের ২০ তারিখে চিকিৎসকেরা অস্ত্রোপচার করেন। প্রায় লক্ষাধিক টাকার এই ব্যয়বহুল অস্ত্রোপচারের খরচ বহন করেছেন ডাঃ পি কে মিশ্র, ডাঃ অলোক রায় এবং হাসপাতাল কর্তৃপক্ষ। এই বিরল অস্ত্রোপচারে যে সব বিশিষ্ট চিকিৎসক

অংশগ্রহণ করেন, তারা হলেন ডাঃ অভিজিৎ পাল, ডাঃ সৈকত বন্দ্যোপাধ্যায়, ডাঃ অসীমা ভেলোৎকার, ডাঃ তন্ময় আচার্য প্রমুখ। উল্লেখ্য, প্রখ্যাত চিকিৎসক ডাঃ রতন দাস জার্মানির লিপজিক হার্ট সেন্টার থেকে প্রশিক্ষণ নেন। এই অস্ত্রোপচারের যাবতীয় সরঞ্জাম এবং কৃত্রিম ভাল্বটি জার্মানি থেকে আনা হয়েছে। আমেরিকার একটি বেসরকারি সংস্থার দ্বারা নির্মিত কৃত্রিম ভাল্বটি রাজীবের বুকে প্রতিস্থাপন করা হয়। ডাঃ রতন দাস এই অস্ত্রোপচার সম্পর্কে প্রশ্ন করলে তিনি জানান, রাজীবের ওপর এই ধরনের অপারেশন পূর্বাঞ্চলে এই প্রথম। ব্যয় সাপেক্ষ হলেও এই অস্ত্রোপচারের পদ্ধতিতে রোগী দ্রুত

সুস্থ হয়ে ওঠে। অস্ত্রোপচারের পর এখন স্বাভাবিক জীবনে ফিরে যাওয়ার জন্য প্রস্তুত রাজীব। বৃহস্পতিবার পরিবারের সঙ্গে বাড়ি ফিরে যাবে সে। তবে অত্যাবশ্যকীয় কিছু ওষুধ আজীবন খেয়ে যেতে হবে বলে জানিয়েছেন চিকিৎসকেরা। রাজীবের প্রতীক্ষায় রয়েছেন তার পরিবারের লোকজন।